


# ২০১৩- ২০১৭ সালের জন্য কৌশল গত পরিকল্পনা

পূর্ব টরন্টোর বয়জেটদের অধিকতর ক্ষমতায়ন ও যোগাযোগ স্থাপন

হারমনি হল সেন্টার ফর সিনীয়র্স / কল-এ সার্ভিস ইনক, তার নুতন পরিকল্পনার কাজ শেষ করেছে। এ পরিকল্পনায় শুধু তার আগামী সারে তিন বছরের একটি দিক নির্দেশনা দেয়া হয়েছে। যা আপনাদের পরামর্শে এবং বোর্ড অব ডিরেক্টর এর সহায়তায় গড়ে উঠেছে। এই পরিকল্পনায় বয়স্কদের ক্ষমতায়ন এবং যোগাযোগ স্থাপনে নিম্নলিখিত পাচটি বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে:



## আমাদের প্রধান অগ্রাধিকার সমূহ:

### ১। বর্তমান কার্যক্রম সমূহ বজায় রাখা এবং বৃদ্ধি সাধন করা:

আমাদের প্রধান লক্ষ্য বর্তমান সেবা এবং কার্যক্রম সমূহ অব্যাহত রাখা। এর মধ্যে আমাদের পরিবহন ব্যবস্থার বর্তমান ধারণ ক্ষমতা বজায় রাখা। আমরা নতুন সহযোগী প্রতিষ্ঠানের সাহায্যে এবং কার্যক্রমের মাধ্যমে সেবার মান উন্নতির চেষ্টায় নিয়জিত থাকবো।

### ২। পরিকল্পনা বাস্তবায়নে সেবা গ্রহণকারীদের আরো সম্পৃক্ত করা:

আমরা সেবা গ্রহণকারীদেরকে পরিকল্পনা বাস্তবায়নে সম্পৃক্ত করতে প্রতিজ্ঞাবদ্ধ থাকবো। আমাদের কার্যক্রম আরো সম্প্রসারণ এবং পরিবর্ধন করার জন্য সেবা গ্রহণকারীদের কাছ থেকে মতামত গ্রহণ করে সরাসরি কার্যক্রমে অন্তর্ভুক্ত করবো।

### ৩। কার্যক্ষমতা বাড়াতে আরো সহযোগী প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা:

আমরা অভ্যন্তরীণ পরিকল্পনা প্রয়োগের মাধ্যমে সেবাগ্রহণকারী ও প্রতিষ্ঠানের উন্নয়ন সাধনে সচেষ্ট থাকবো। আমরা উন্নতি সাধনের লক্ষ্যে সহযোগী প্রতিষ্ঠান, সকল কমিউনিটি এবং মিডিয়ার সঙ্গে সুসম্পর্ক বজায় রাখবো।

### ৪। মূল আয় ঠিক রাখা এবং প্রতিষ্ঠানের নিজেস্ব আয়কে আরো বৃদ্ধি করা:

আমাদের প্রধান লক্ষ্য প্রাথমিক কার্যক্রম পরিচালনার মূল আয় বজায় রাখা। আমরা অধিকতর সেবা প্রদানের জন্য আয় বৃদ্ধির লক্ষ্যে আরো নতুন পদ্ধতি অন্বেষণ করবো, যার মধ্যে অব্যাহত তহবিল অন্তর্ভুক্ত।

### ৫। পরিচালন ক্ষমতা বৃদ্ধি সহ অভ্যন্তরীণ ব্যবস্থাপনা এবং ব্যবহারিক অবস্থার উন্নতি সাধন করা:

আমরা আমাদের কার্যক্রমকে ভাল ত্রুটি এবং ঝুঁকিমুক্ত রাখতে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাবো। আমরা আমাদের সেবার মান উন্নত করার লক্ষ্যে কর্মীদের কর্মক্ষমতা বাড়াতে সচেষ্ট থাকবো।